



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
(ডিএমআরটিডিপি) লাইন-১, (এমআরটি লাইন-১)

“বাঁচবে সময়, বাঁচবে পরিবেশ
যানজট কমাতে মেট্রোরেল”

পুনর্বাসন পুস্তিকা

প্রকল্পের অধীনে ভূমি অধিগ্রহণের ফলে ক্ষতিগ্রস্ত
ব্যক্তি/পরিবারবর্গের ক্ষতিপূরণ ও পুনর্বাসন সংক্রান্ত তথ্যাবলী

মে ২০২৩

ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি), লাইন-১
(এমআরটি লাইন-১), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড।

বাস্তবায়নে :

এমআরটি লাইন-১ সি/এস কনসালট্যান্টস
বাড়ি # ০৭, সড়ক # ৮০, গুলশান-২, ঢাকা, বাংলাদেশ

সহযোগিতায়ঃ



নলেজ ম্যানেজমেন্ট কনসালট্যান্টস (কেএমসি) লিঃ
[র্যাপ বাস্তবায়নকারী সংস্থা], গ্রিন টেড পয়েন্ট, লেভেল-৮
বীর উত্তম একে খন্দকার রোড, মহাখালী বা/এ, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন : ০১৮৫২-২৭৭৪১২, E-mail: kmconsultants1@gmail.com

ক) ভূমিকাঃ

ঢাকা পৃথিবীর একটি অন্যতম অধিক ঘনবসতিপূর্ণ শহর। ফলে এখানে দীর্ঘস্থায়ী যানজট প্রকট আকার ধারণ করেছে। স্থায়ী যানজট নিরসনের পাশাপাশি ক্রমবর্ধমান বায়ুদূষণ রোধ করতে ঢাকা শহরের সংশোধিত কৌশলগত পরিবহন পরিকল্পনা অনুযায়ী “ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১ (এমআরটি লাইন-১)” শীর্ষক প্রকল্প, পরবর্তী অগ্রাধিকার প্রকল্প হিসেবে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়। এই প্রকল্পটি বাংলাদেশ সরকার এবং জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (জাইকা) এর যৌথ অর্থায়নে সড়ক ও সেতু মন্ত্রণালয়ের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের নিয়ন্ত্রণাধীন ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ডিএমটিসিএল, ডিসেম্বর ২০১৮ থেকে এনকেডস কনসোর্টিয়ামকে (জাপানের নিপ্পন কোইয়ের নেতৃত্বে সাতটি সংস্থার একটি যৌথ উদ্যোগ) প্রকৌশল পরিষেবার জন্য নিযুক্ত করেছে।

এমআরটি লাইন-১ এর দুটি অংশ রয়েছে, প্রথমটি হলো বিমানবন্দর থেকে কমলাপুর পর্যন্ত পাতাল অংশ; দ্বিতীয়টি হলো কুড়িল থেকে পূর্বাচল পর্যন্ত উড়াল অংশ। এছাড়াও পূর্বাচল নতুন শহরের দক্ষিণে পিতলগঞ্জ-এ, উড়াল অংশের একেবারে পূর্ব দিকে এর ডিপো রয়েছে।

এমআরটি লাইন ১-এর গমনপথ, সুড়ঙ্গ, পাতাল স্টেশন এবং উড়াল স্টেশনগুলো বেশির ভাগ প্রধান সড়ক জুড়ে অবস্থিত। সুতরাং, এমআরটি লাইন ১-এর জন্য চলাচলের রাস্তার (Right of Way) পরিসর মূলত সরকারি। ডিপো ও ডিপোতে প্রবেশের সংযোগপথ (Access Corridor), স্টেশনের প্রবেশ/বহির্গমন (Entry/Exit) পথ এবং বায়ু চলাচল প্রণালীগুলো (Ventilation Ducts) ব্যক্তিগত এবং সরকারি ভূমিতে স্থাপিত হবে বিধায় এর জন্য ভূমি অধিগ্রহণ বা বিভাগীয় ভূমি হস্তান্তর প্রয়োজন হবে। ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করার জন্য এনকেডস কনসোর্টিয়াম র‍্যাপ বাস্তবায়নকারী সংস্থা হিসেবে নলেজ ম্যানেজমেন্ট কনসালটেন্টস (কেএমসি) লিঃ-কে নিযুক্ত করেছে।

নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজার মোট ৯২.৯৭২৫ একর (৩৭.৬২৫৪ হেক্টর) ব্যক্তিগত ভূমি ডিপো এবং ডিপোতে প্রবেশের সংযোগপথের জন্য ইতোমধ্যে অধিগ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রকল্প এর আওতাভুক্ত (Right of Way) ভূমিতে অবস্থিত আবাসিক ও বাণিজ্যিক প্রকৃত মালিকগণ অন্যত্র স্থানান্তরিত হবে। ফলে তাদের সম্পদ ও জীবন-জীবিকার ওপর বিরূপ প্রভাব পড়বে। তাই ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল), উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার পরিবেশগত এবং সামাজিক বিবেচনার গাইডলাইনস (GES, 2010) এবং বাংলাদেশ সরকারের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ (ARIPA-2017) অনুসরণ করে প্রকল্পের দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসনের জন্য পরিকল্পনা প্রণয়ন করেছে এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের জন্য পুনর্বাসন কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের কাজও এগিয়ে চলছে। প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও নির্মাণ কাজের দরূপ ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের ক্ষয়ক্ষতি যথাসম্ভব পরিহার করে প্রকল্পের ভূমি অধিগ্রহণের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সেক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য যথাসম্ভব ক্ষতিপূরণের ব্যবস্থা নেয়া হয়েছে। স্থাবর ও অস্থাবর সম্পত্তি অধিগ্রহণের জন্য বাংলাদেশ সরকারের প্রচলিত আইন অনুসরণ করা হচ্ছে। এছাড়া বাস্তবায়িত

ব্যক্তি, স্থাপনা, ব্যবসা প্রতিষ্ঠান, গাছপালা এবং ক্ষতিগ্রস্ত ফসলের ক্ষতিপূরণ দেওয়া হবে। এ লক্ষ্যে উক্ত নীতিমালার আলোকে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের নিমিত্তে পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) প্রণয়নের নিমিত্ত প্রাপ্যতার ছক (Entitlement Matrix) প্রস্তুত করা হয়েছে, যাতে ক্ষতিগ্রস্ত ব্যক্তি/পরিবারবর্গের ক্ষতির ধরন এবং কিভাবে তাদের ক্ষতিপূরণ দেয়া হবে তার বিস্তারিত তথ্যাদি উল্লেখ রয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে ডিএমটিসিএল আশা করে যে, স্থানীয় জনপ্রতিনিধি, জনসাধারণ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহ (CBOs) এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহ পুনর্বাসন পরিকল্পনাটি সফলভাবে বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান করবেন।

খ) পুনর্বাসন পরিকল্পনা বিষয়ে কিছু সাধারণ ধারণা ও সংজ্ঞা (RP Concepts and Definitions)

ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের পুনঃস্থাপন ও পুনর্বাসন বিষয়ে যেসব শব্দ ও পরিভাষা ব্যবহৃত হয়েছে সেগুলোর সংজ্ঞা নিম্নরূপঃ

ক্ষতিগ্রস্ত প্রকৃত ভূমি মালিকগণ (Title Holder)ঃ স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭-এর অধীনে ৪ (চার) ধারা নোটিশ প্রদানের সময় যে সমস্ত ব্যক্তিবর্গ প্রকল্পের জন্য নির্ধারিত স্থানে (Right of Way) ভোগদখলকারী মালিক হিসেবে বসবাস করছিলেন।

সরকারি ভূমিতে বসবাসকারী ক্ষতিগ্রস্ত ব্যক্তি (Non-title Holder)ঃ যে সমস্ত ব্যক্তি সরকারি ভূমিতে বসবাস করছেন এবং ঘরবাড়ি অথবা জীবিকা নির্বাহের সম্বল বা সম্পদ হারিয়েছেন।

ক্ষতিপূরণ (Compensation)ঃ ক্ষতিপূরণ বলতে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ অনুযায়ী অধিগ্রহণকৃত সম্পদের (ভূমি, ঘর-বাড়ি, জীবিকা নির্বাহের সম্বল ও গাছ) ধার্যকৃত ক্ষতিপূরণ বুঝাবে যা সংশ্লিষ্ট জেলা প্রশাসক মালিকদেরকে পরিশোধ করবেন। তাছাড়া, যে সমস্ত ব্যক্তি সরকারি ভূমিতে বসবাস করছেন এবং ঘরবাড়ি অথবা জীবিকা নির্বাহের সম্বল বা সম্পদ হারিয়েছেন তাদের প্রকল্প থেকে ডিএমটিসিএল এর মাধ্যমে ক্ষতিপূরণ প্রদান করা হবে।

সহায়তা (Assistance)ঃ সহায়তা বলতে আইন অনুযায়ী ক্ষতিপূরণ ছাড়াও পুনঃস্থাপন/পুনর্বাসন করতে নগদ অর্থ বা উপাদান দ্বারা সহায়তা বুঝাবে। ডিএমটিসিএল কর্তৃক পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থার মাধ্যমে সাধারণত সম্পদের প্রতিস্থাপন মূল্য এবং বস্তুগত (Physical Assets) সম্পদ প্রদান করাকে বুঝাবে।

সামাজিক চূড়ান্ত তারিখ (Cut-off-Date)ঃ সরকারি ভূমিতে বসবাসকারীদের পুনর্বাসন সুবিধা প্রদানের নিমিত্তে সরকারিভাবে প্রকল্প এলাকায় আর্থ-সামাজিক জরিপ কার্যক্রম (SES) পরিচালনার প্রথম দিন সামাজিক চূড়ান্ত তারিখ (Cut-off-Date) হিসেবে বিবেচিত হবে। অন্যান্য পুনর্বাসন দাবী প্রত্যয়ন করতে প্রকল্প এলাকার (RoW) সকল স্থাপনার ভিডিও ধারণ করা হয়েছে। এই পুনর্বাসন পরিকল্পনায় (Resettlement Plan) পুনর্বাসন সুবিধা প্রাপ্তির গ্রহণযোগ্য সামাজিক চূড়ান্ত তারিখ (Cut-off-date) হলো ১৩ই

আগস্ট ২০২০ সাল। ভূমির প্রকৃত মালিকদের জন্য সামাজিক চূড়ান্ত তারিখ (Cut-off-Date) হবে ডিসি অফিস কর্তৃক ৪ (চার) ধারা নোটিশ জারির তারিখ।

স্বত্ববান ব্যক্তি (Entitled Person): প্রকল্পের প্রভাবে যে সকল ব্যক্তি (পুরুষ/মহিলা) তার সম্পদ (যেমন: ভূমি, মাছের পুকুর, স্থাপনা ইত্যাদি) অথবা ব্যবসা/কাজ/পেশা হারিয়েছেন এবং জেলা প্রশাসক থেকে ক্ষতিপূরণ গ্রহণ করেন এবং যারা ডিএমটিসিএল কর্তৃক পুনর্বাসন সহায়তার জন্য সনাক্ত হবেন তারা স্বত্ববান ব্যক্তি হিসেবে গণ্য হবেন। এ্যাওয়ার্ড বইয়ের ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত ডাটা/তথ্য এবং জরিপের মাধ্যমে হালনাগাদকৃত ক্ষতিপূরণ তালিকা (অবশ্যই সামাজিক চূড়ান্ত তারিখের পূর্বে হতে হবে) যোগ্য ব্যক্তি সনাক্তকরণের ভিত্তি হিসেবে কাজ করবে। ডিএমটিসিএল প্রত্যেক যোগ্য ব্যক্তিকে সত্যায়িত ছবিসহ পরিচয় পত্র (আইডি কার্ড) প্রদান করবে। উক্ত কার্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তির প্রয়োজনীয় সমস্ত তথ্য থাকবে। ইপিকে এ কার্ড প্রাপ্তিতে কেএমসি প্রয়োজনীয় সহায়তা দেবে। ক্ষতিগ্রস্ত ব্যক্তি (ইপি) আইডি কার্ডের জন্য জাতীয় পরিচয় পত্র প্রদর্শন করবেন।

অভিযোগ প্রতিকার/নিরসন কমিটি (Grievance Redress Committee:GRC): প্রকল্পের অধীনে পুনর্বাসন সংক্রান্ত যথার্থ পুনর্বাসন সুবিধাদি, ক্ষয়ক্ষতি সনাক্তকরণ ও প্রাপ্তি নির্ধারণে কোন ব্যক্তির (Entitled Person) অভিযোগ বা দ্বিমত থাকলে তা শুনানি ও নিষ্পত্তির জন্য অভিযোগ নিরসন কমিটি কাজ করবে। অভিযোগ নিরসন কমিটি গঠন করা হবে স্বত্ববান ব্যক্তি (Entitled Person), প্রত্যাশী সংস্থার প্রতিনিধি, প্রকল্প পরামর্শকের প্রতিনিধি ও বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধি দ্বারা। ডিএমটিসিএল কর্তৃক নিয়োগকৃত অতিরিক্ত প্রকল্প পরিচালক স্থানীয় জিআরসি এর আহ্বায়ক হবেন এবং বাস্তবায়নকারী সংস্থার ডেপুটি টিম লিডার সদস্য সচিব হবেন। অভিযোগ নিরসন কমিটি জমির মালিকানা সংক্রান্ত আইনগত বিষয়সমূহ ব্যতিত পুনর্বাসন সুবিধাদি, পুনর্বাসন/পুনঃস্থাপন এবং অন্যান্য সহযোগিতার বিষয়ে অভিযোগ নিষ্পত্তি করবে।

পরিবার (Household): যে সমস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ একত্রে বসবাস করে, একই সাথে রান্না করে এবং একই সাথে খায় তারাই একক পরিবার হিসেবে বিবেচিত হবে। আর্থ-সামাজিক জরিপে এই সংজ্ঞা ব্যবহৃত হয়েছে এবং একটি পরিবার চেনার জন্য জরিপকৃত তথ্যাবলী ভিত্তি হিসেবে বিবেচিত হবে। একই পরিবারে ক্ষতি এবং মালিকানার ওপর ভিত্তি করে একাধিক স্বত্ববান ব্যক্তি (Entitled Person) থাকতে পারে।

লিজ গ্রহীতা(Leesee): ব্যক্তিগত অথবা সরকারি কৃষি অথবা বাণিজ্যিক ভূমি বাৎসরিক ভিত্তিতে লিজ গ্রহণ করেছেন এমন ব্যক্তি।

স্থানান্তর/পুনঃস্থাপন (Relocation/Replacement): স্থানান্তর (Relocation) বলতে প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের (APs) প্রকল্প এলাকা হতে নতুন এলাকায় স্থানান্তরকে এবং ভূমি/কর্মস্থানসহ ঘর-বাড়ি, সম্পদ পুনঃনির্মাণকে বুঝায়। আর পুনর্বাসন বলতে আয়, জীবিকা, জীবন ও সমাজ ব্যবস্থা পুনঃপ্রতিষ্ঠা করা বুঝায়।

প্রতিস্থাপন মূল্য (Replacement Value) : প্রতিস্থাপন মূল্য হলো, যে মূল্য দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি হারানো ভূমি/সম্পত্তি অন্য কোথাও কিনতে পারে। সম্পত্তির মূল্য নির্ধারণ করা হবে PVAC কর্তৃক। প্রতিস্থাপন মূল্য PVAC সুপারিশ করে অনুমোদনের জন্য ডিএমটিসিএল এ

পাঠাবে। PVAC এর আহ্বায়ক হবেন ডিএমটিসিএল কর্তৃক নিয়োগকৃত উপ-প্রকল্প পরিচালক/প্রকল্প ব্যবস্থাপক এবং সদস্য সচিব হবেন পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থার টিম লিডার।

প্রকল্পের জন্য নির্ধারিত স্থান (RoW): প্রকল্পের নির্মাণ কাজ এর জন্য নির্ধারিত অথবা সনাক্তকৃত ভূমি বুঝায়।

স্কোয়াটার (Squatter): যে সমস্ত ব্যক্তি বিনা অনুমতিতে সরকারি ভূমিতে বসবাস করে তারা স্কোয়াটার হিসেবে বিবেচিত হবেন।

ঝুঁকিপূর্ণ পরিবার (Vulnerable Households): (ক) পরিবার প্রধান একক মহিলা বা নির্ভরশীল এবং নিম্ন আয়ের মহিলা (খ) সহায়তা ছাড়া বয়স্ক/অক্ষম ব্যক্তিদের পরিবার (গ) যে সমস্ত পরিবার দারিদ্রসীমার নীচে বিবেচিত হবে (ঘ) যে সমস্ত পরিবার ভূমির সর্বশেষ অংশ হারাচ্ছে (ঙ) আদিবাসী জনগোষ্ঠী বা জাতিগত সংখ্যালঘুদের পরিবার এবং (চ) নিম্ন সামাজিক গোষ্ঠী বা বর্ণের পরিবার।

ক্ষতিগ্রস্ত পরিবারের পুনর্বাসনের জন্য নীতিমালা

প্রকল্প কর্তৃক ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের (APs) ক্ষতিপূরণ/পুনর্বাসনের জন্য নীতিমালা হলো :

- ব্যক্তিগত ভূমি অধিগ্রহণ যতদূর সম্ভব পরিহার এবং প্রকল্পের যাবতীয় কাজ সরকারি ভূমির উপর করার চেষ্টা করা হবে।
- ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রদত্ত ক্ষতিপূরণ প্রাক-প্রকল্পের জীবনমান সুরক্ষার নিশ্চয়তা দিবে।
- ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গকে ক্ষতিপূরণ সম্পর্কে বিস্তারিত অবহিত করা হবে এবং বিকল্প ব্যবস্থা সম্পর্কে তাদের মতামত গ্রহণ করা হবে।
- ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের ব্যবহৃত সামাজিক-সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলিকে সংরক্ষণ, পুনঃনির্মাণ এবং ব্যবহার উপযোগী রাখা হবে।
- নারী ও পুরুষ উভয়ের জন্য ক্ষতিপূরণ ও পুনর্বাসন সহায়তা সমানভাবে প্রযোজ্য হবে।
- মহিলা প্রধান এবং প্রবীণ ও ঝুঁকিপূর্ণ ব্যক্তি/পরিবারের প্রতি বিশেষ নজর দেয়া হবে।
- প্রকল্পের মূল বরাদ্দে (বাজেটে) ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন খরচ অন্তর্ভুক্ত থাকবে।
- ঘর-বাড়ি অপসারণ ও স্থানান্তর করার আগেই শনাক্তকৃত সকল মালিক ও প্রাপ্যযোগ্য ব্যক্তিকে ক্ষতিপূরণ ও পুনর্বাসনের জন্য নগদ অনুদান প্রদান করা হবে।

গ) ক্ষতিপূরণ এবং প্রাপ্যতার ছক (Entitlement Matrix)

প্রকল্প এলাকায় সম্পদ ও আয় হারানো ব্যক্তিগণ নিম্নবর্ণিত ছক অনুযায়ী ক্ষতিপূরণ প্রাপ্য হবেন :

ক্ষতির শ্রেণি	প্রাপ্যযোগ্য ব্যক্তি (সুবিধাভোগী)	প্রাপ্যসমূহ (ক্ষতিপূরণ প্যাকেজ)
১. ভূমি-সংক্রান্ত ক্ষতি (বসতভিটা, বাণিজ্যিক, কৃষি ভূমি, পুকুর, ডোবা, বাগান ইত্যাদি)।	জেলা প্রশাসক কর্তৃক শনাক্তকৃত ভূমির আইনি মালিক(গণ)	<ul style="list-style-type: none"> সম্পত্তির মূল্য নির্ধারণ কমিটি (PVAC) কর্তৃক নির্ধারিত ভূমির প্রতিস্থাপন মূল্য (RV) যার মধ্যে আইনের অধীনে নগদ ক্ষতিপূরণ (CUL) অন্তর্ভুক্ত। স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন খরচ @ প্রকৃত প্রচলিত হার (বর্তমানে ১১.৫%) বিকল্প ভূমি কেনার পরিমাণ অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ পর্যন্ত ধারা ৮-এর অধীনে বিজ্ঞপ্তি জারির ১২ মাসের মধ্যে। প্রয়োজ্য স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন খরচ অধিগ্রহণকৃত জমির ধরন এবং পরিমাণের উপর ভিত্তি করে নির্ধারণ করা হবে।
২. মালিক চাষি/ ভাড়াটিয়া/ ভাগচাষির দ্বারা চাষযোগ্য ভূমিতে প্রবেশাধিকার হারানো।	ভাড়াটিয়া / ভাগচাষি / বর্গাচাষি/ আইনি মালিক / চাষি / সামাজিকভাবে স্বীকৃত মালিক / ইজারাদাতা / ভূমির অননুমোদিত দখলকারী।	<ul style="list-style-type: none"> স্থায়ী ফসলের জন্য ক্ষতিপূরণ মালিক চাষি/ভাগচাষি বা ইজারাদাতাকে প্রদেয় হবে, যা PVAC কর্তৃক নির্ধারিত হবে। মালিক/কৃষকদের ফসল নিতে দেওয়া হবে।
৩. গাছ/ বহুবর্ষজীবী/ মাছের ক্ষতি।	১. ভূমির বৈধ মালিক ২. সামাজিকভাবে স্বীকৃত মালিক / গাছ / মাছের অননুমোদিত দখলকারী	<ul style="list-style-type: none"> ব্যক্তিগত ভূমিতে গাছ/ বহুবর্ষজীবী/ মাছের মজুদের জন্য আইনের অধীনে নগদ ক্ষতিপূরণ (CUL) জেলা প্রশাসকের কার্যালয় প্রদান করবে। সরকারি ভূমিতে স্বত্বহীন গাছ/ বহুবর্ষজীবী/ মাছের মজুদের জন্য PVAC কর্তৃক CMP মূল্যায়ন করা হবে। ফলদ গাছের ফলমুলের জন্য ক্ষতিপূরণ কার্টের মূল্যের ৩০% × ১ বছর ধরে হিসাব করা হবে। প্রকল্পের কাজ বিলম্ব না করে মালিকদের বিনামূল্যে তাদের গাছ, বহুবর্ষজীবী ফসল/মাছ ইত্যাদি কেটে ফেলা এবং নিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হবে।

ক্ষতির শ্রেণি	প্রাপ্যযোগ্য ব্যক্তি (সুবিধাভোগী)	প্রাপ্যসমূহ (ক্ষতিপূরণ প্যাকেজ)
৪. মালিক/ স্কোয়াটারদের আবাসিক/ বাণিজ্যিক স্থাপনার ক্ষতি	আইনসঙ্গত মালিক বা স্কোয়াটার (দখলকারী)	<ul style="list-style-type: none"> আইনি মালিকদের জন্য অবকাঠামোর প্রতিস্থাপন মূল্য PVAC কর্তৃক নির্ধারিত হয়, যার মধ্যে CUL অন্তর্ভুক্ত রয়েছে। স্কোয়াটারদের জন্য PVAC কর্তৃক স্থাপনার RV নির্ধারণ করবে। স্কোয়াটারদের জন্য STG এবং SRG উভয়ের ক্ষেত্রে স্থাপনার জন্য স্থানান্তর অনুদান/সহায়তা (Structure Transfer Grant-STG) এবং পুনর্নির্মাণ অনুদান/ সহায়তা (Structure Reconstruction Grant-SRG) মূল স্থাপনার প্রতিস্থাপন মূল্যের ১২.৫০% হারে প্রদান করা হবে। বহনযোগ্য (পোর্টেবল) উপকরণের জন্য এককালীন স্থানান্তর অনুদান প্রদান করা হবে [(ক) কাঁচা স্থাপনার জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা; (খ) আধা পাকা স্থাপনার জন্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা; এবং (গ) পাকা স্থাপনার জন্য ৭,০০০ (সাত হাজার) টাকা।] মালিকদের স্থাপনার উপকরণসমূহ ডিএমটিসিএল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যে নিয়ে যাওয়ার অনুমতি দেওয়া হবে।
৫. সর্বজনীন ব্যবহার্য সম্পত্তির (সিপিআর) ক্ষতি:	(ক) CCL অর্থ প্রদানের প্রক্রিয়ায় জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক শনাক্তকৃত আইনসঙ্গত মালিক (বা নিবন্ধিত কমিটি) (খ) JVC এবং গুমারি দ্বারা চিহ্নিত RoW-তে নির্মিত অবকাঠামোর সামাজিকভাবে স্বীকৃত মালিকগণ	<ul style="list-style-type: none"> আইনসঙ্গত মালিকদের জেলা প্রশাসকের কার্যালয় থেকে CUL প্রদান করা হবে, এছাড়াও PVAC কর্তৃক নির্ধারিত অবকাঠামোর জন্য CCL এবং RV-এর মধ্যে পার্থক্যের সমপরিমাণ ক্ষতিপূরণও প্রদান করা হবে। স্বত্ব (Titled) ছাড়া ভূমিতে CPR-এর জন্য নগদ ক্ষতিপূরণ স্থাপনার জন্য প্রতিস্থাপন খরচ (RV)-এর সাথে মিল করে PVAC কর্তৃক নির্ধারণ করা হবে। নন-টাইটেল হোল্ডারদের জন্য PVAC কর্তৃক নির্ধারিত মূল্য অনুযায়ী ভাঙনের এবং পুনর্গঠনের জন্য নগদ সহায়তা

ক্ষতির শ্রেণি	প্রাপ্যযোগ্য ব্যক্তি (সুবিধাভোগী)	প্রাপ্যসমূহ (ক্ষতিপূরণ প্যাকেজ)
		<p>প্রদান করা হবে।</p> <ul style="list-style-type: none"> মালিকদের স্থাপনার উপকরণসমূহ (ডিএমটিসিএল ঘোষিত সময়সীমার মধ্যে) বিনামূল্যে নিতে দেওয়া হবে।
৬. আবাসিক বাড়ি/বাণিজ্যিক অবকাঠামোতে প্রবেশাধিকার হারানো (ভাড়া দেওয়া বা লিজ দেওয়া)	<ul style="list-style-type: none"> ভাড়া দেওয়া/লিজ দেওয়া সম্পত্তির ভাড়াটিয়া, বাণিজ্যিক প্রতিষ্ঠানের ভাড়াটিয়া 	<ul style="list-style-type: none"> হাউস ট্রান্সফার গ্রান্ট (HTG) প্রত্যেক স্থানান্তরকারী ভাড়াটিয়াকে আবাসিক স্থাপনার আসবাবপত্র এবং জিনিসপত্র স্থানান্তরের জন্য, ক্ষতি আইটেম # ৪-এ উল্লিখিত একই হারে প্রদান করা হবে [(ক) কাঁচা কাঠামোর জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা; (খ) আধা পাকা কাঠামোর জন্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা; এবং (গ) পাকা কাঠামোর জন্য ৭,০০০ (সাত হাজার) টাকা।] বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্টক ট্রান্সফার খরচ (STC) ছোট ব্যবসার জন্য @ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা, মাঝারি ব্যবসার জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা এবং বড় ব্যবসার জন্য ১৫,০০০ (পনের হাজার) টাকা প্রদান করা হবে।
৭. স্থানচ্যুতির কারণে কমিউনিটি-ভিত্তিক ব্যবসার (CBEs) ক্ষতি	<p>শুমারি / JVS দ্বারা নথিভুক্ত আইনসঙ্গত মালিক, স্কোয়াটার (দখলকারী) এবং বিক্রেতাসহ ব্যবসার মালিক/অপারেটর</p>	<ul style="list-style-type: none"> ব্যবসায়িক ক্ষতির জন্য CCL প্রদান করা হবে। কোনো আয়কর প্রদানের রেকর্ড ছাড়াই ব্যবসা: ব্যবসার স্থায়ী ক্ষতির ক্ষেত্রে ট্রানজিশন অ্যালাউন্স (TA) ছোট ব্যবসার জন্য ০৩ (তিন) মাসের আয়ের সমতুল্য ৬,০০০ (ছয় হাজার) টাকা (২,০০০×৩); মাঝারি ব্যবসার জন্য ১২,০০০ (বারো হাজার) টাকা (৪,০০০×৩); এবং বড় ব্যবসার জন্য ১৮,০০০ (আঠার হাজার) টাকা (৬,০০০×৩) প্রদান করা হবে। আয়কর প্রদানের রেকর্ডসহ ব্যবসা: পূর্ববর্তী বছরের আয়কর প্রদানের রেকর্ডের ভিত্তিতে গণনা করা ৩ (তিন) মাসের আয়ের সমতুল্য TA প্রদান করা হবে, যা ছোট ব্যবসার জন্য ২০,০০০

ক্ষতির শ্রেণি	প্রাপ্যযোগ্য ব্যক্তি (সুবিধাভোগী)	প্রাপ্যসমূহ (ক্ষতিপূরণ প্যাকেজ)
		<p>(বিশ হাজার) টাকার বেশি নয়, মাঝারি ব্যবসার জন্য ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার বেশি নয়, এবং বড় ব্যবসার জন্য ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টাকার বেশি নয়।</p>
৮. বাড়ি ভাড়া আয়ের ক্ষতি	JVS দ্বারা নথিভুক্ত ভাড়া প্রাপ্তদের মালিক (আবাসিক / বাণিজ্যিক)	<ul style="list-style-type: none"> ভাড়া আয়ের ক্ষতির জন্য ৩ (তিন) মাসের জন্য সমপরিমাণ মাসিক ভাড়া প্রতিটি ক্ষতিগ্রস্ত ভাড়া প্রাপ্তদের জন্য: (ক) কাঁচা অবকাঠামোর জন্য প্রতি মাসে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হারে; (খ) আধা-পাকা বা ৫০০ বর্গফুটের কম পাকা অবকাঠামোর জন্য প্রতি মাসে ১০,০০০ (দশ হাজার) টাকা হারে; এবং (গ) ৫০০ বর্গফুটের সমান বা তার ওপরে পাকা অবকাঠামো/অ্যাপার্টমেন্টের জন্য প্রতি মাসে ১৫,০০০ (পনের হাজার) টাকা হারে ট্রানজিশন অ্যালাউন্স (TA) প্রদান করা হবে।
৯. স্থানচ্যুতির কারণে কর্মচারীদের আয় এবং কর্মদিবসের ক্ষতি	শুমারি অথবা যৌথ যাচাই কমিটি (JVC) দ্বারা চিহ্নিত কর্মচারী	<ul style="list-style-type: none"> ক্ষতিগ্রস্ত কর্মচারী/মজুরি উপার্জনকারীদের নগদ অনুদান বর্তমান সরকারি হার অনুসারে ৪৫ দিনের মজুরির সমতুল্য (যা বর্তমানে, অদক্ষ শ্রমিকদের জন্য ৫০০ টাকা/ প্রতিদিন এবং দক্ষ শ্রমিকদের জন্য ৫৫০/ প্রতিদিন)। প্রকল্প নির্মাণ কাজে অগ্রাধিকারমূলক কর্মসংস্থান (সুযোগ থাকা সাপেক্ষে)।
১০. দরিদ্র এবং প্রান্তিক/ঝুঁকিপূর্ণ খানা।	শুমারি অথবা JVS দ্বারা চিহ্নিত দরিদ্র এবং প্রান্তিক/ঝুঁকিপূর্ণ পরিবারবর্গ	<ul style="list-style-type: none"> ক্ষতিগ্রস্ত দরিদ্র নারীপ্রধান পরিবার এবং অন্যান্য দুর্বল/ প্রান্তিক পরিবারের জন্য ১০,০০০ (দশ হাজার) টাকা অতিরিক্ত নগদ অনুদান প্রদান। ক্ষতিগ্রস্ত ব্যক্তি (AP) বা তার কর্তৃক মনোনীত ব্যক্তির জন্য IGA প্রশিক্ষণ প্রদান।
১১. নির্মাণের সময় অস্থায়ী প্রভাব।	কমিউনিটি / ব্যক্তি	<ul style="list-style-type: none"> যন্ত্রপাতির চলাচলের কারণে এবং ধার করা উপকরণ সংগ্রহ ও পরিবহনের কারণে স্থাপনা বা ভূমিতে যে কোনো প্রভাবের খরচ ঠিকাদার বহন করবে।

ক্ষতির শ্রেণি	প্রাপ্যযোগ্য ব্যক্তি (সুবিধাভোগী)	প্রাপ্যসমূহ (ক্ষতিপূরণ প্যাকেজ)
		<ul style="list-style-type: none"> প্রস্তাবিত ROW-এর বাইরের ভূমির সমস্ত অস্থায়ী ব্যবহার ভূমির মালিক এবং ঠিকাদারের লিখিত অনুমোদনের মাধ্যমে হতে হবে। পূর্বের অবস্থায় অথবা তার চেয়ে ভালো অবস্থায় ভূমিটি মালিকের কাছে ফেরত দিতে হবে।
১২. ডিপোর পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী পরিবারের ওপর অস্থায়ী প্রভাব।	পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী বাসিন্দারা (ডিপোর সীমানা থেকে ১০০ মিটারের মধ্যে)	<ul style="list-style-type: none"> ভারী নির্মাণকাজের জন্য ডিএমটিসিএল দ্বারা ঘোষিত ডিপো পার্শ্ববর্তী এলাকায় সীমানা থেকে ১০০ মিটারের মধ্যে ব্যবহার্য ইমারতগুলোর বাসিন্দারা অন্তর্বর্তী সময়ে (সর্বাধিক ৩ মাস) বিকল্প আবাসনের জন্য একটি বিকল্প ভাড়া ভাতা (Alternative Rental Allowance) পেতে পারেন। বিকল্প ভাড়া ভাতা কেবল RAP IA (কেএমসি) এবং এনকেডস দ্বারা নিশ্চিতকৃত স্থানান্তরের ক্ষেত্রে প্রদান করা হবে। ক্ষতির পরিমাণ আইটেম #৮-এর সমান হবে, অর্থাৎ (ক) কাঁচা অবকাঠামোর জন্য প্রতি মাসে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা হারে; (খ) আধা-পাকা বা ৫০০ বর্গফুটের কম পাকা অবকাঠামোর জন্য প্রতি মাসে ১০,০০০ (দশ হাজার) টাকা হারে; এবং ৫০০ বর্গফুটের সমান বা তার ওপরে পাকা অবকাঠামো/ অ্যাপার্টমেন্টের জন্য প্রতি মাসে ১৫,০০০ (পনের হাজার) টাকা হারে প্রদান করা হবে।

- উপরোক্ত ছকের তথ্যাদি Resettlement Plan এর Compensation and Entitlement Matrix অনুযায়ী।

ঘ) পুনর্বাসন ও পুনর্বাসনিকরণ অধিকার :

প্রকল্প বাস্তবায়ন ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে এনকেডস ২০১৯ সালের মে মাসে নলেজ ম্যানেজমেন্ট কনসালট্যান্টস (কেএমসি) লিঃ-কে নিয়োগ করেছে। যৌথ যাচাইকরণ কমিটির (JVC) মূল্যায়নের ভিত্তিতে সম্পত্তির মূল্য নির্ধারণ কমিটি (PVAC) সকল সহায়তার প্রতিস্থাপন মূল্য নির্ধারণ করবে।

কেএমসির পুনর্বাসন কর্মী জেলা প্রশাসক কর্তৃক স্বীকৃত প্রত্যক্ষ ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সনাক্ত করবে, তাদের সাথে যোগাযোগ করবে এবং আর্থ-সামাজিক জরিপের মাধ্যমে পরোক্ষ ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সনাক্ত করবে। পুনর্বাসন কর্মী যে কোন উপযুক্ত ক্ষতিগ্রস্ত ব্যক্তি (ইপি) এর অভিযোগ আমলে নেবে। এ রকম সকল অভিযোগ (যদি প্রচলিত আইনে আদালতে বিবেচনায়ী না থাকে), অভিযোগ নিরসন কমিটির (জিআরসি) নিকট উপস্থাপন করে তা মীমাংসা করবে।

স্বত্ববান ব্যক্তির নথি (Entitled Person's File): পুনর্বাসন পরিকল্পনা অনুযায়ী ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রত্যেকের সব রকমের ক্ষতির জন্য একটি একক ফাইল/নথি থাকবে (ইপির নথি/ফাইল)। ক্ষতির বিবরণ বিশেষ সফটওয়্যারের মাধ্যমে কম্পিউটারে সংরক্ষিত এবং ইপি নথি ফরমেটে মুদ্রিত থাকবে। ক্ষতি নির্ধারণের ভিত্তি হবে জেলা প্রশাসক কর্তৃক চূড়ান্তভাবে প্রস্তুতকৃত এ্যাওয়ার্ড বই (Award Book) এবং চূড়ান্ত প্রকৌশল পরিকল্পনা/ডিজাইন অনুযায়ী যৌথ তদন্ত জরিপের ফলাফল।

প্রাপ্যতা কার্ড (Entitlement Card): ইপি ফাইল অনুযায়ী সকল আইন সংগত মালিকানা/ আর্থ-সামাজিক জরিপে সনাক্তকৃত ক্ষতিগ্রস্ত ব্যক্তির ক্ষতির বিপরীতে প্রাপ্যতা কম্পিউটারে হিসেব করে বিশেষভাবে তৈরীকৃত সফটওয়্যারের মাধ্যমে MIS-এ সংরক্ষিত থাকবে। জেলা প্রশাসক কর্তৃক পরিশোধিত টাকার সাথে সমন্বয় রেখে তা হালনাগাদ করা হবে এবং ইসি MIS ফরমেটে মুদ্রিত থাকবে। ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রাপ্যতার ভিত্তি হবে পুনর্বাসন পরিকল্পনা অনুযায়ী প্রাপ্যতা এবং ভূমি, স্থাপনা গাছপালা ও শস্যের প্রতিস্থাপন মূল্য PVAC কর্তৃক নির্ধারিত হবে।

অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া (Grievance Redress Mechanism: GRM)

প্রকল্পের অধীনে পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে এলাকার জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা এবং পুনর্বাসন কার্যক্রমকে বেগবান করার জন্য ডিএমটিসিএল প্রকল্প এলাকায় ফিল্ড অফিস স্থাপন করবে যা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক হবে। অভিযোগ নিরসন কমিটি (GRC) প্রকল্পের অধীনে পুনর্বাসন সংক্রান্ত যথার্থ পুনর্বাসন সুবিধাদি, ক্ষয়ক্ষতি সনাক্তকরণ ও প্রাপ্তি নির্ধারণে কোন ব্যক্তির (Entitled Person) অভিযোগ বা দ্বিমত থাকলে তা শুনানি ও নিষ্পত্তির জন্য কাজ করবে। GRC-র গঠন ও কার্যপরিধি ডিএমটিসিএল এর অফিস আদেশ অনুযায়ী অনুমোদিত হবে।

আপত্তি নিরসনের জন্য যে সকল নিয়ম-কানুন অনুসরণ করতে হবে তা নিম্নে দেওয়া হলো :

- ক্ষতিগ্রস্ত ব্যক্তি থেকে পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়ন এবং ক্ষতিপূরণের যে কোনো অভিযোগ RAP IA (কেএমসি) এর ফিল্ড অফিসে গৃহীত হবে।
- কেএমসির ফিল্ড কর্মকর্তারা অভিযোগের আবেদন রেকর্ড করবেন এবং রেজিস্টারভুক্ত করবেন।
- ক্ষতিগ্রস্ত ব্যক্তি কেএমসির হেড অফিস, প্রজেক্ট সাইট অফিস এবং প্রজেক্ট হেড অফিস ও ডিএমটিসিএল ওয়েবসাইটের অভিযোগ পেজের মাধ্যমেও অভিযোগ জমা দিতে পারবেন। সেক্ষেত্রে, অভিযোগগুলি যথাযথ রেকর্ডিংয়ের জন্য কেএমসির ফিল্ড অফিসে প্রেরণ করতে হবে।
- অভিযোগ পাওয়ার পর, কেএমসির প্রতিনিধি GRC-এর আহবায়ককে অবহিত করবেন। আহবায়ক অভিযোগের জন্য একটি শুনানির আয়োজন করবেন।

- GRC অভিযোগটি পর্যালোচনা করবে এবং একটি রায় দেবে যা কেএমসির মাধ্যমে সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে জানানো হবে।
- অমীমাংসিত মামলাগুলি স্থানীয় GRC-এর সদস্য-সচিব দ্বারা প্রকল্প স্তরের GRC-এর আহবায়কের কাছে পাঠানো হবে।
- যদি সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্ত ব্যক্তি রায়ে সন্তুষ্ট না হন, তাহলে তিনি স্থানীয় GRC-এর সদস্য-সচিবকে অনুরোধ করতে পারেন যাতে তিনি প্রকল্প স্তরের GRC-এর কাছে অভিযোগ জানান।
- অনুমোদিত অভিযোগের রেজুলেশনের উপর ভিত্তি করে, কেএমসি তার এনটাইটেলমেন্টগুলি প্রক্রিয়া করে এবং প্রযোজ্য হলে পেমেণ্টের ব্যবস্থা করতে ডিএমটিসিএল-কে সহায়তা করবে।

সম্পদের যৌথ তদন্ত (Joint Verification of Assets)

ক্ষতিগ্রস্তদের ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণে এ যাবৎ যে সকল জরিপ পরিচালিত হয়েছে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক যে যৌথ তদন্ত করেছে, ডাটাবেজ পর্যবেক্ষনের মধ্যে ব্যাপক পার্থক্য পাওয়া গেলে যৌথ তদন্ত কমিটি (JVC) বিভিন্ন ডাটাবেজ পরীক্ষা নিরীক্ষা করবে এবং সরেজমিনে তদন্ত পরিচালনা করবে। JVC এর আহবায়ক হবেন ডিএমটিসিএল কর্তৃক নিয়োগকৃত সহকারি প্রকল্প পরিচালক/উপ-প্রকল্প ব্যবস্থাপক এবং সদস্য সচিব হবেন পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী সংস্থার এরিয়া ম্যানেজার।

যৌথ তদন্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপঃ

- যৌথ তদন্ত কমিটি ক্ষতির পরিমাণ নির্ধারণের লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য কেএমসিকে গাইড করবে
- যৌথ তদন্ত কমিটি ক্ষতিগ্রস্ত কাঠামোর সাথে সম্পর্কিত সব ধরনের ক্ষতি পর্যালোচনা ও যাচাই করবে, এবং
- শুমারির ফলাফল নমুনার ভিত্তিতে যৌথ তদন্ত কমিটি যাচাই করবে।

সম্পদের প্রতিস্থাপন মূল্য (Replacement Value of Assets)

ডিএমটিসিএল ভূমি এবং ঘর-বাড়ির সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করবে। অধিগ্রহণের আওতাধীন ভূমি ও সম্পদের চলতি বাজার দর অনুযায়ী প্রতিস্থাপন মূল্য নির্ধারণের জন্য ডিএমটিসিএল এর অফিস আদেশ অনুযায়ী সম্পত্তির মূল্য নির্ধারণ কমিটি (PVAC) গঠন করা হবে।

সম্পত্তির মূল্য নির্ধারণ কমিটির (PVAC) কার্যপরিধি নিম্নরূপঃ

- সম্পত্তির মূল্য নির্ধারণ কমিটি (PVAC) প্রয়োজনে মাঠ পর্যায়ে অতিরিক্ত তদন্তের মাধ্যমে, কেএমসি, PWD, বন বিভাগ এবং অন্যান্য সরকারি সংস্থাগুলি দ্বারা মূল্যায়ন করা প্রতিস্থাপন মানগুলি পর্যালোচনা করবে এবং যাচাই করবে।
- কমিটি এ বিষয়ে সুপারিশ করবে এবং অনুমোদনের জন্য ডিএমটিসিএল-এর কাছে জমা দেবে;
- কমিটি দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে PVAC মিটিংয়ে সিদ্ধান্ত নেবে।

ঙ) ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য কিছু গুরুত্বপূর্ণ তথ্যঃ

- জেলা প্রশাসক অফিস থেকে অধিগ্রহণের সরকারি গেজেট প্রকাশ না হওয়া পর্যন্ত কোন ব্যক্তি/মালিক ক্ষতিপূরণ পাবার জন্য বিবেচিত হবে না।
- প্রত্যেক ক্ষতিগ্রস্ত ব্যক্তির জন্য ছবিসহ ID কার্ড দেওয়া হবে যা ডিএমটিসিএল এর উক্ত প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক কর্তৃক ইস্যুকৃত হবে। এই কার্ড প্রদর্শনের মাধ্যমে যে কোন ক্ষতিগ্রস্ত ব্যক্তি তার দাবি পেশ করতে পারবে।
- ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ক্ষতিপূরণের নির্ধারিত টাকা পাওয়ার জন্য জমির পরচা, দলিল, হালনাগাদ খাজনা পরিশোধের দাখিলা, বাটোয়ারা/ফরায়েজ সংগ্রহ করতে হবে।
- ক্ষতিপূরণের টাকার চেক জমা দেবার জন্য নিকটস্থ বাণিজ্যিক ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে। ক্ষতিপূরণের অর্থ চেকের মাধ্যমে উক্ত সঞ্চয়ী হিসাবে প্রদান করা হবে।
- যে কোন ব্যক্তি ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন সংক্রান্ত যে কোন তথ্য বা বিস্তারিত ব্যাখ্যার জন্য ডিএমটিসিএল /কেএমসির ফিল্ড অফিসে যোগাযোগ করতে পারবে।

চ) ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পুনর্বাসনে করণীয়ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) পুনর্বাসন বাস্তবায়ন কার্যক্রমের জন্য দায়িত্বপ্রাপ্ত। ডিএমটিসিএল এবং প্রকৌশল পরিষেবার জন্য নিযুক্ত কনসালটেন্ট এর নির্দেশনায় এবং তদারকিতে নলেজ ম্যানেজমেন্ট কনসালট্যান্টস (কেএমসি) লিঃ জমি অধিগ্রহণ ও পুনর্বাসন কর্ম পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন করবে। বাংলাদেশ সরকার এবং জাইকা এ লক্ষ্যে প্রণীত পুনর্বাসন পুস্তিকা সংশোধন করতে পারবে। সে সংশোধন, ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গকেও জানাতে হবে। এ পুনর্বাসন পুস্তিকা শুধুমাত্র “ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) এমআরটি লাইন-১” শীর্ষক প্রকল্প এর ক্ষেত্রে প্রযোজ্য।

পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাঃ ডিএমটিসিএল এর পক্ষে পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের সার্বিক দায়িত্বে থাকবেন প্রকল্প পরিচালক। মাঠ পর্যায়ে যে সকল কর্মকর্তা পুনর্বাসন প্রকল্প বাস্তবায়নের সাথে যুক্ত থাকবেন তারা হচ্ছেন- প্রকল্প ব্যবস্থাপক, উপ-প্রকল্প ব্যবস্থাপক সহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ।

প্রকল্প পরিচালক ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) (এমআরটি লাইন-১) প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১ ১১-১২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা -১০০০। মোবাইল: ০১৭১৪-০৫১০৮৬	প্রকল্প ব্যবস্থাপক ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১, (এমআরটি লাইন-১) প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১ ১১-১২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা -১০০০। মোবাইল: ০১৭৮৯-৬৭৬৮১৮
---	--

পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নকারী প্রতিষ্ঠান (RAP IA): ডিএমটিসিএল কর্তৃপক্ষকে পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য প্রকৌশল পরিষেবার জন্য নিযুক্ত কনসালটেন্ট বেসরকারি প্রতিষ্ঠান কেএমসি-কে নিয়োগ দিয়েছে। কেএমসি পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সহায়তা প্রদানে জেলা প্রশাসকের কার্যালয় থেকে ক্ষতিপূরণ প্রাপ্তিতে প্রয়োজনীয় সহায়তা দেবে।

এ ছাড়া কেএমসি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের অনুমোদিত নীতিমালা অনুসরণে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্তদের চিহ্নিত এবং তাদের ক্ষয়-ক্ষতি নির্ধারণে ক্ষতিগ্রস্তদের পরিচয়পত্র প্রদান, পুনর্বাসন অনুদানসহ বিভিন্ন প্রাপ্য নির্ধারণে সহায়তা করবে। মাঠ পর্যায়ে ক্ষতিগ্রস্তদের তালিকা (ইতোপূর্বে প্রস্তুতকৃত) যাচাই-বাছাই, পরিবর্তন এবং পরিবর্ধনসহ প্রভৃতি কর্মসম্পাদনের লক্ষ্যে মাঠ পর্যায়ে ২টি অফিস স্থাপন করেছে। এ প্রকল্পের পুনর্বাসন কাজে নিয়োজিত টিম লিডারের অফিসসহ মাঠ পর্যায়ের অফিস ২টির ঠিকানা নিম্নরূপঃ

<p>টিম লিডার, কেএমসি ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১, (এমআরটি লাইন-১) বাড়ী#০৯, সড়ক# ১/বি বনানী, ঢাকা ১২১৩ মোবাইল: ০১৭১২৭১৪১৬৫</p>	<p>১. এরিয়া ম্যানেজার, কেএমসি ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১, (এমআরটি লাইন-১) রাবেয়া ভিলা (চেয়ারম্যান বাড়ী বাসস্ট্যান্ডের দক্ষিণ পাশে), পিতলগঞ্জ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ মোবাইল: ০১৭১৩৭৮৯৮৮৫</p>	<p>২. এরিয়া ম্যানেজার, কেএমসি ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১, (এমআরটি লাইন-১) গ্রীন ট্রেড পয়েন্ট, লেভেল-৮, বীর উত্তম একে খন্দকার রোড, মহাখালী বা/এ, ঢাকা -১২১২ মোবাইল: ০১৭৬৮৮৫৫২০০</p>
--	--	--

প্রকল্প সম্পর্কে আরও বিস্তারিত জানতে প্রকল্প পরিচালকের দপ্তরে নিম্ন ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।

প্রকল্প পরিচালক

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১

(এমআরটি লাইন-১)

প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১১

৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা -১০০০।

দ্রষ্টব্য : ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ “স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭” অনুযায়ী ক্ষতিপূরণ ও প্রকল্পের পুনর্বাসন নীতিমালার প্রাপ্যতার ছক মোতাবেক পুনর্বাসন সুবিধা পাবেন। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) এমআরটি লাইন-১ ও জাইকার অনুমোদিত এই পুনর্বাসন পুস্তিকা প্রয়োজনে পরিবর্তনযোগ্য।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) লাইন-১, (এমআরটি লাইন-১), ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক অনুমোদিত এবং নলেজ ম্যানেজমেন্ট কনসালট্যান্টস (কেএমসি) কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।